


স্মারক নং-৩২.০১.৩৫৫১.০০০.১৮.৪৪.২০০২.৪৭ (২)

বিষয়: সেপ্টেম্বর / ২০২৪ মাসে মহিলা বিষয়ক অধিদপ্তর, কোটালীপাড়া কতৃক বাস্তবায়িত কার্যক্রম।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার সদয় অবগতি ও কার্যার্থে কোটালীপাড়া উপজেলার সেপ্টেম্বর ২০০২৪ মাসের কার্যক্রমের তথ্যাদি নিম্নে দেয়া হলো।

১। ভালনারেবল ইউমেন বেনেফিট	কোটালীপাড়া উপজেলায় ২০২৩-২০২৪ চক্রে অনুমোদিত ভিডব্লিউবি কার্ড ২২৬৮টি প্রকৃত কার্ড, অনুকূলে ৩০(ত্রিশ) কেজী হারে মোট আগস্ট/২০২৪ পর্যন্ত বিতরন করা হয়েছে। সেপ্টেম্বর/২৪ মাসের ডিও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা ফেরত দিয়েছেন। সেপ্টেম্বর মাসের চাউল অক্টোবর/২৪ মাসে সরবরাহ করবেন। কোটালীপাড়া উপজেলায় রাইস ফার্টিফিকেশন (পুষ্টি চাল) কার্যক্রম বাস্তবায়ন ও চলমান।
২। মা ও শিশু সহায়তা কর্মসূচী	২০২২-২০২৩ অর্থ বছরে কোটালীপাড়া সর্বমোট ১১৮৮ জন নির্বাচিত আছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে ১২০৬ জন উপকারভোগী নির্বাচন করা হয়েছে। দুই অর্থ বছরে মোট উপকার ভোগীর সংখ্যা ২৩৯৪ জন। সকল উপকারভোগীর জুন ২০২৪ পর্যন্ত ইএফটির মাধ্যমে ৮০০/- হারে মাসিক ভাতার অর্থ পরিশোধ করা হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে কোন বরাদ্দ পাওয়া যায় নাই।
৩। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ	সেপ্টেম্বর ২০২৪ মাসে নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত কোন আবেদন পাওয়া যায় নাই। বিজ্ঞবিচারক (জেলা ও দায়রা জজ) কতৃক নারী ও শিশু নির্যাতন ট্রাইব্যুনাল গোপালগঞ্জ হতে ১টি মামলা আসে শুনানী নিয়ে তদন্ত প্রতিবেদন কোর্টে প্রেরন করা হয়েছে।
৪। বাল্য বিবাহ নিরোধ কার্যক্রম	সেপ্টেম্বর ২০২৪ মাসে বাল্যবিবাহ নিরোধ সামাজিক আন্দোলনের অংশ হিসাবে মহিলা বিষয়ক অধিদপ্তর কোটালীপাড়ায় যৌন হয়রানী, ইভটিজিং ও সচেতনতা বিষয়ক ২টি উঠান বৈঠক করা হয়েছে। ছবি ওয়েব পোর্টালে প্রদান করা হয়েছে। চলতি মাসে কোন বাল্য বিবাহ সংগঠিত হয় নাই।
৫। মহিলাদের আত্ম নির্ভরশীল করে গড়ে তোলার লক্ষ্যে কোটালীপাড়া উপজেলায় এ পর্যন্ত ২২৫ জন মহিলাদের মধ্যে ২৭,৫৩০০০/- টাকা ক্ষুদ্র ঋন বিতরন করা হয়েছে। আদায়কৃত ঋনের পরিমাণ ১১,৪৬৯৪৫/- আদায়ের হার ৬৩%	
৬। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প	মহিলা বিষয়ক অধিদপ্তর কতৃক বাস্তবায়িত “কিশোর কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের আওতায় কোটালীপাড়া উপজেলায় ১১টি ইউনিয়ন ১টি পৌরসভায় মোট ১২টি কিশোর কিশোরী ক্লাব স্থাপন করা হয়েছে। উক্তক্লাব সমূহ প্রতিটিতে ২০ জন কিশোরী ও ১০জন কিশোরের সমন্বয় পরিচালিত হচ্ছে। ক্লাব সমূহ কিশোর কিশোরীদের মানসিক বিকাশ ও সুস্থ বিনোদনসহ সমাজের ইতিবাচক পরিবর্তনে নেতৃত্ব সৃষ্টি করা হচ্ছে। ২০২৪ সালে ৩৬০ জনকে সদস্যকে নতুন করে ভর্তি করা হয়েছে। ক্লাব চলাকালীন সময় সদস্যদের নাস্তার তালিকা অনুযায়ী স্বাস্থ্য সম্মত আপ্যায়ন/নাস্তা খাওয়ানো হয়।
নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা সমিতি।	কোটালীপাড়া উপজেলায় মোট ৫২টি নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা সমিতি আছে সক্রিয় ৪১টি ও ১১টি নিক্রিয় ২০২৩-২০২৪ অর্থ বছরে ১৯টি সমিতির অনুকূলে বাংলাদেশ মহিলা কল্যান পরিষদ হতে এক কালীন অনুদান পেয়েছে ৫,৫০,০০০/- টাকা

প্রাপক,
উপ-পরিচালক,
মহিলা বিষয়ক অধিদপ্তর
গোপালগঞ্জ।


(শ্রীময়া বাগচা)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা(অ:দা:)
কোটালীপাড়া, গোপালগঞ্জ।